

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ্জ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-ধবিম/হঃশাঃ/১-১২/২০১৩/১১৩৮


তারিখ : ২৮/০৭/২০১৫খ্রিঃ

বিষয় : ২০১৫ সালের সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের প্রশিক্ষণ কর্মসূচী।

২০১৫ সনের (১৪৩৬ হিজরী) হজ্জ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে সরকারী ব্যবস্থাপনায় ঢাকা মহানগরী এবং ঢাকা, নারায়নগঞ্জ, নরসিংদী ও মানিকগঞ্জ জেলার প্যাকেজ ১ ও প্যাকেজ ২-এর সম্মানিত হজ্জযাত্রীগণের দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মোঃ মতিউর রহমান আগামী ৮ আগস্ট, ২০১৫ সকাল ৯.০০ টায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব শাহানে প্রশিক্ষণ কর্মসূচীর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর সচিব ড. চৌধুরী মোঃ বাবুল হাসান উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। উক্ত উদ্বোধনী অনুষ্ঠান এবং প্রশিক্ষণ কার্যক্রমে ঢাকা মহানগরী এবং ঢাকা, নারায়নগঞ্জ, নরসিংদী ও মানিকগঞ্জ জেলার আওতাধীন প্যাকেজ ১ ও প্যাকেজ ২-এর সকল সম্মানিত হজ্জযাত্রীগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
( হাসান জাহাঙ্গীর আলম )  
যুগ্ম-সচিব (হজ্জ) ও  
প্রধান সমন্বয়কারী (হজ্জ)  
ফোন : ৯৫১২২৩৯ (অফিস)  
মোবাইল : ০১৫২ ৪৪ ৫২ ৮০

বিতরণ : কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। উপ-সচিব(হজ্জ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক(হজ্জ), হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক, দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ৭। পরিচালক, মসজিদ ও মার্কেট, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন, কাওরান বাজার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ ও ঢাকা জেলার হজ্জযাত্রীগণের নিকট এসএমএস প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৯। জনাব ..... সরকারী হজ্জ গাইড ২০১৫।